

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date: 26.10.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ –

- ১) ঘূর্ণিঝড় দানার প্রভাব এরাজ্যে তেমন না পড়লেও কোড়ো হাওয়া ও প্রবল বর্ষণে প্রায় ২৫ হাজার হেক্টর জমির ফসল নষ্ট হয়েছে বলে প্রাথমিক সমীক্ষায় উঠে এসেছে।
- ২) রাজ্য সরকার বাংলা শস্য বীমা প্রকল্পে নাম নথিভুক্ত করার সময়সীমা ৩০-শে নভেম্বর পর্যন্ত বাড়িয়েছে।
- ৩) এক গুচ্ছ কর্মসূচী নিয়ে কলকাতায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।
- ৪) প্রধানমন্ত্রী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশবিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- ৫) আর জি কর-এর ঘটনায় রাজনৈতিক স্বার্থে স্বাস্থ্য পরিষেবাকে ব্যবহার করা হয়েছে বলে অভিযোগ তুলে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডট্টের অ্যাসোসিয়েশন নামে পাল্টা সংগঠন তৈরি করেছে জুনিয়ার ডাক্তারদের একাংশ।
- ৬) আই এস এল ফুটবলে মহামেডান স্পোর্টিং আজ হায়দ্রাবাদ এফ সি-র মুখোমুখি হয়েছে।
ভূটানের থিস্পুতে এ এফ সি ফুটবলে ইস্টবেঙ্গল এবং পারো এফ সি-র মধ্যে খেলা অমীমাংশিতভাবে শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড় দানার প্রকোপ এরাজ্যে তেমন না পড়লেও ঝোড়ো হাওয়া এবং প্রবল বর্ষণে ফসলের ক্ষয়ক্ষতি হয়েছে। পূর্ব মেদিনীপুর, হাওড়া ও ভগলি থেকে শস্য হানির খবর মিলেছে। তিন জেলা মিলিয়ে প্রায় ২৫ হাজার হেক্টার জমির ফসল দুর্যোগের কারণে নষ্ট হয়েছে বলে কৃষি দফতরের প্রথমিক সমীক্ষায় উঠে এসেছে। এর মধ্যে শুধুমাত্র পূর্ব মেদিনীপুর জেলাতেই ২০ হাজার হেক্টার জমির ফসল নষ্ট হয়েছে। রাজ্যের কৃষি দফতরের প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, একটানা বৃষ্টিতে পূর্ব মেদিনীপুর জেলায় ২০ হাজার হেক্টার জমি জলমগ্ন হয়ে পড়েছে। এর মধ্যে ১৭ হাজার হেক্টার জমিতে আমন ধানের চাষ হয়েছিল। অনেক জায়গায় ধানগাছ নুইয়ে পড়েছে। তার ওপর জল জমে যাওয়ায় ক্ষতির আশঙ্কা বেশি। এছাড়াও ৩০০০ হেক্টার জমিতে থাকা ফুল, সজি এবং পান চাষ ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলা প্রসাসনের পক্ষ থেকে ক্ষয়ক্ষতির এই প্রাথমিক রিপোর্ট রাজ্য কৃষি দফতরকে পাঠানো হয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজ্ঞপ)

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলার শস্যবীমা প্রকল্পে নাম নথিভুক্ত করার সময়সীমা ৩০ শে নভেম্বর পর্যন্ত বাড়িয়েছে রাজ্য সরকার। যেসব জেলা ঘূর্ণিঝড়-দানার প্রভাবে দুর্যোগের ক্ষেত্রে পড়েছে, কৃষকদের সুবিধার্থে এই সিদ্ধান্ত। গতকালই এসংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে পর্যালোচনা বৈঠকে'ও ওই প্রকল্পে নাম নথিভুক্তিকরণের সময়সীমা বাড়াতে বলেন।

oooooooooooooooooooooooooooo

ঘূর্ণিঝড় দানার প্রভাবে রাজ্যের সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়গুলিতে কটটা ক্ষয়ক্ষতি হয়েছে রাজ্য সরকার জেলা বিদ্যালয় পরিদর্শকদের কাছে তা জানতে চেয়েছে। বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে দুই চরিশ পরগনা, পূর্ব মেদিনীপুর, বাড়গ্রাম সহ মোট নটি জেলার বিদ্যালয় পরিদর্শকদের কাছে পাঠানো চিঠিতে স্কুলের পরিকাঠামোগত ক্ষতির পাশাপাশি ছাত্রছাত্রীদের পাঠ্য পুস্তক সহ অন্যান্য বইয়ের ক্ষতির পরিমাণ জানিয়ে দ্রুত রিপোর্ট পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooooooo

নিম্নচাপ দুর্বল হয়ে পড়ায় আগামী কয়েক দিন ভারী ধরণের বৃষ্টির কোন সম্ভাবনা নেই। এই সময়ের স্বাভাবিক নিয়মেই রাজ্যের কয়েকটি জায়গায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কলকাতা ও সংলগ্ন এলাকাতেও কোথাও হালকা বৃষ্টিপাত হবে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা, ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে বলেন,

(বাইট - হাবিবুর)

oooooooooooooooooooo

শক্তিশালী ঘূর্ণিঝড় দানার প্রভাব কেটে গিয়ে আবহাওয়ার উন্নতি হওয়ায় দীঘায় সমুদ্র স্নানে জারি নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়েছে। সমুদ্রের ধারে বাঁশ ও দড়ি দিয়ে বানানো ব্যারিকেড দুপুরের দিকে খুলে দেওয়া হয়েছে বলে জানা গেছে। এরপরই অনেক পর্যটক সমুদ্র স্নানে নেমে পড়েন। ফের ভীড় জমতেও শুরু করেছে সৈকতনগরী দীঘায়।

oooooooooooooooooooooooooooo

ভবানীপুরের জাস্টিস দ্বারিকানাথ রোডে বিদ্যৃৎস্পৃষ্ট হয়ে যুবকের মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন পুরমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, দুর্যোগের কথা মাথায় রেখে শহরের বাতি স্তম্ভগুলিতে বিদ্যৃৎ সংযোগ বন্ধ রাখা হয়েছিল।

(বাইট - হাকিম)

শহরের জমাজল পুরসভা তৎপরতার সঙ্গে দ্রুত সরিয়ে ফেলেছে বলেও তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দানার প্রভাবে টানা বৃষ্টিতে বাঁকুড়া পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের ইন্দারাগোড়া হরেশ্বর মেলা এলাকায় একটি পুরনো বাড়ির একাংশ ভেঙে পড়লে অল্পের জন্য প্রাণে রক্ষা পেয়েছেন বাড়িতে বসবাসকারী ভাড়াটেরা। জানা গেছে, জরাজীর্ণ বাড়িটিতে কয়েক দশক ধরে দুটি পরিবারের ৯ জন ভাড়া থাকেন। রয়েছে একাধিক দোকানও। আজ দোতলার পাঁচটি রুম সহ ব্যালকনির একাংশ ভেঙে পড়ে। বাকি অংশটি দ্রুত ভেঙে ফেলা হবে বলে পৌর প্রতিনিধি রাজীব দে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এক গুচ্ছ কর্মসূচী নিয়ে আজ রাতে কলকাতায় আসছেন। দলীয় সুত্রে জানা গেছে, রাত ১০ টা নাগাদ দমদম বিমান বন্দরে অবতরণের পর বিজেপির রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার তাঁকে স্বাগত জানাবেন। সল্টলেকের একটি হোটেলে রাত্রিবাস করবেন স্বরাষ্ট্রমন্ত্রী।

আগামীকাল সকালে তিনি উত্তর ২৪ পরগনার ভারত-বাংলাদেশ পেট্রোপোল সীমান্তে 'মেঠী দুয়ার' নামে দ্বিতীয় প্যাসেঞ্জার টার্মিনালের উদ্বোধন করবেন। যাত্রী পারাপার এবং দু-দেশের মধ্যে বাণিজ্যের সুবিধার্থে আন্তর্জাতিক মানের এই মেঠী গেট তৈরি করা হয়েছে।

এরপর দুপুরে ভগুনির আরামবাগে সমবায় দণ্ডের এক অনুষ্ঠানে যোগদানের পর শ্রী শাহ সল্টলেকের EZCC-তে যাবেন। সেখানে দলীয় কর্মীদের সঙ্গে এক বৈঠকে অংশগ্রহণের কথা রয়েছে তাঁর।

আগামীকাল রাতেই তাঁর দিন্দি ফিরে যাবার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিজেপি-র সদস্য সংগ্রহ অভিযান আগামীকাল শুরু হচ্ছে। দলের অন্যতম শীর্ষ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-এর উপস্থিতিতে এই অভিযানের সূচনা হবে বলে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন।

(বাইট - সুকান্ত)

আজ মালদার কালিয়াচকে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, রাজ্য সরকার জুনিয়ার ডাক্তারদের আন্দোলনকে সবরকমভাবে নষ্ট করার চেষ্টা করছে। পুলিশ থেকে শুরু করে মেডিকেল কলেজ পর্যন্ত রাজ্যজুড়ে ভূমকির সংস্কৃতি রয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিত্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। বেলা ১১ টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি

বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান। হিন্দিতে সম্প্রচারের পরই শোনা যাবে আংগুলিক ভাষায় এর তর্জমা। তর্জমাটি পুনঃপ্রচারিত হবে রাত আটটায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি করে তরুণী চিকিৎসককে ধৰ্ণ ও খুনের প্রতিবাদে আন্দোলনের পরবর্তী রূপরেখা স্থির করতে জুনিয়র ডাক্তারদের গণ কনভেনশনে ফের একবার থ্রেট কালচার নিয়ে সরব হয়েছেন, জুনিয়র ডাক্তাররা।

WBJDF এর ডাকে আজ আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে এই কনভেনশনে উপস্থিত রয়েছেন, বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তিরা।

অন্যদিকে, এই মধ্যে ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস অ্যাসোসিয়েশন নামে পাল্টা সংগঠন তৈরি করেছে জুনিয়র ডাক্তারদের অন্য একটি অংশ। কলকাতা প্রেস ক্লাবে আজ সাংবাদিক সম্মেলনে একথা ঘোষণা করা হয়। আর জি করের ঘটনার পর কিছু মানুষ রাজনৈতিক স্বার্থে স্বাস্থ্য পরিষেবাকে ব্যবহার করেছে এবং পঠন পাঠনে বাধা সৃষ্টি করেছে বলে অভিযোগ তুলেছে এই সংগঠনের সদস্যরা।

০০০০০০০০০০০০০০০০০০

এস এস সি নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত মিডিলম্যান প্রসন্ন রায়ের ১৬৩ কোটি টাকার বেশি মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি। তালিকায় রয়েছে হোটেল এবং রিসর্টও। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার এক্রহান্তে জানানো হয়েছে - প্রসন্ন ও তার স্ত্রী কাজল সোনি রায়ের নামে এই সম্পত্তিগুলি ছিল। প্রসন্ন, তার স্ত্রী ও ঘনিষ্ঠদের মোট আড়াইশোটি ব্যাঙ্ক অ্যাকাউন্টের হুদিশ মিলেছে বলেও ইডি জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আই আই টি খড়গপুরের এগ্রি বিজনেস ইনকিউবেশন ফাউন্ডেশন দেশজুড়ে মোট ১১৫-টি স্টার্টাপকে ইউকিউবেট করছে। এর মধ্যে ৩৭-টি গত ২৪ ও ২৫-শে অক্টোবর মুম্বাই-এ ABIF স্টার্ট আপ এক্সপো-তে অংশ নিয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাবার্ডের সি জি এম পার্থ সাহা।

০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন কালীপুজো এবং দীপাবলী উপলক্ষে যাত্রীভীড় সামাল দিতে শিয়ালদা ডিভিশন আগামী ৩১-শে অক্টোবর ও পয়লা নভেম্বর চার জোড়া অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াসনে আজ আইএসএল ফুটবলে মহামেডান স্পোটিং, হায়দরাবাদ এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, হায়দ্রাবাদ ৩-০ গোলে এগিয়ে রয়েছে।

মহামেডান স্পোটিং পাঁচ ম্যাচে চার পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে। দ্বাদশ স্থানে থাকা হায়দরাবাদ এফ সি- র চার ম্যাচে পয়েন্ট এক।

০০০০০০০০০০০০০০০০০০

ভুটানের থিম্পু চাংলিমিথাং ষ্টেডিয়ামে এএফসি চ্যালেঞ্জ লীগ ফুটবলে গ্রুপ এ, র ম্যাচে আজ ইস্টবেঙ্গল ও ভুটানের পারো এফ সি, র মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে মাদি তালাল ও দিয়ামাস্টাকস এবং পারো এফ সি, র উইলিয়াম ওপোকু ও ইভাস আসান্তে গোল করেছেন।

আগামী মঙ্গলবার থিস্পুতে ইস্টবেঙ্গল পরবর্তী ম্যাচে বাংলাদেশের বসুন্ধরা কিংসের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মাঠে আজ বাংলা ও কেরালার মধ্যে রঞ্জি ট্রফি ম্যাচের প্রথম দিনের খেলা মাঠ ভিজে থাকার কারণে বাতিল করে দেওয়া হয়েছে। টসও করা হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাকে হারিয়ে গুজরাট অনূর্ধ-১৯ ভিন্ন মানকড় ট্রফি ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। রাজকোটে আজ ফাইনালে গুজরাট ১০ উইকেটে বাংলাকে পরাজিত করেছে। বাংলা প্রথমে ব্যাট করে ৩১ ওভার তিন বলে ১০১ রানে সকলে আউট হয়ে যায়। জবাবে গুজরাট ২১ ওভার এক বলে বিনা উইকেটে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০